

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬১৭

আগরতলা, ২৭ অক্টোবর, ২০২৪

রোটারি ক্লাবের রক্তদান শিবিরে মুখ্যমন্ত্রী

রক্তদানের মাধ্যমে মানব সেবার বড় সুযোগ রয়েছে

মানুষের জন্য কিছু করতে পারাই মানব জন্মের সার্থকতা। রক্তদানের মাধ্যমে মানব সেবার বড় সুযোগ রয়েছে। আজ আগরতলা রোটারি ক্লাব আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। তিনি বলেন, রক্তের কোন বিকল্প নেই। রক্তের ঘাটতি হলে মানুষকে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। তাই রক্তদানে সবাইকে এগিয়ে আসতে হবে। তবে রক্তের চাহিদা এবং সরবরাহের মধ্যে সমতা যেন বজায় থাকে সেই বিষয়ে লক্ষ্য রাখতে হবে। রাজ্যের রক্ত সঞ্চালন পর্ষদ সেই বিষয়ে প্রতিনিয়ত মনিটরিং করে চলছে বলে মুখ্যমন্ত্রী জানান। তিনি বলেন, রাজ্যের জনসংখ্যার ১ শতাংশ রক্ত ব্লাড ব্যাংক মজুত থাকতে হয়। তাই রক্তদানে সবাইকে এগিয়ে আসা প্রয়োজন। রাজ্যে ১৪টি ব্লাড ব্যাংক রয়েছে। এর মধ্যে ১২টি সরকারি এবং ২টি বেসরকারি স্তরে। রাজ্যের বর্তমান সরকার স্বাস্থ্য ব্যবস্থার উন্নতিকল্পে প্রতিনিয়ত চেষ্টা চালিয়ে যাচ্ছে। মুখ্যমন্ত্রী রোটারি ক্লাবের সামাজিক কর্মসূচির প্রশংসা করেন। মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহ দেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন আগরতলা রোটারি ক্লাবের সভাপতি ডা. নিহার রঞ্জন দাস। এছাড়াও বক্তব্য রাখেন আনন্দময়ী আশ্রম ট্রাস্টের সভাপতি সুজিৎ ব্যানার্জী, ধন্যবাদসূচক বক্তব্য রাখেন আগরতলা রোটারি ক্লাব সম্পাদক আশিস সেন। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার।
